

## সিডনিতে আইইবির অস্ট্রেলিয়া চ্যাপ্টারের অভ্যর্থনা

কাউসার খান, সিডনি (অস্ট্রেলিয়া)

১২ জুন ২০১৯, ১৭:৫৪

আপডেট: ১২ জুন ২০১৯, ১৮:৪০



সিডনিতে আইইবির অস্ট্রেলিয়া চ্যাপ্টারের অভ্যর্থনা

অস্ট্রেলিয়ার সিডনিতে ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন বাংলাদেশের (আইইবি) অস্ট্রেলিয়া চ্যাপ্টারের উদ্যোগে অনুষ্ঠিত হয়েছে এক অভ্যর্থনা অনুষ্ঠানের। গত সোমবার (১০ জুন) সিডনির রকডেলের এক ফাংশন সেন্টারে স্থানীয় সময় দুপুরে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়। আইইবির সভাপতি প্রকৌশলী আবদুস সবুর ও মহিলা কমিটির সভানেত্রী ইয়াসমিন রহমানকে অনুষ্ঠানে অভ্যর্থনা জানানো হয়। আইইবির অস্ট্রেলিয়া চ্যাপ্টারের সভাপতি প্রকৌশলী আবদুল মতিনসহ আরও অনেকে তাঁদের স্বাগত জানান।

উল্লেখ্য, আবদুস সবুর ও ইয়াসমিন রহমান অস্ট্রেলিয়ান একাডেমি অব টেকনোলজি অ্যান্ড ইঞ্জিনিয়ারিংয়ের সেরা উদ্ভাবন সম্মাননা প্রদান অনুষ্ঠানে যোগ দিতে দেশটিতে সফরে এসেছেন।

১৩ জুন সিডনিতে অনুষ্ঠিত হবে ২৮তম সেরা উদ্ভাবন সম্মাননা প্রদান অনুষ্ঠান। অস্ট্রেলিয়ান একাডেমি অব টেকনোলজি অ্যান্ড ইঞ্জিনিয়ারিং কর্তৃক আয়োজিত এ অনুষ্ঠানে দেশটির নির্বাচিত সেরা বিজ্ঞানী, প্রযুক্তিবিদ ও প্রকৌশলীদের তাঁদের উদ্ভাবনের জন্য সম্মাননা দেওয়া হয়। অস্ট্রেলিয়ার প্রকৌশলীদের সংগঠন ইঞ্জিনিয়ার্স অস্ট্রেলিয়ার সিডনি বিভাগের সভাপতি ব্রুস হাওয়ার্ড ও ব্যবস্থাপক গ্রেগ ইভিংয়ের আমন্ত্রিত অতিথি হিসেবে অনুষ্ঠানে যোগ দেবেন আবদুস সবুর।

© স্বত্ব প্রথম আলো ১৯৯৮ - ২০১৯

সম্পাদক ও প্রকাশক : মতিউর রহমান

প্রগতি ইনসুরেন্স ভবন, ২০-২১ কারওয়ান বাজার, ঢাকা ১২১৫

ফোন : ৮১৮০০৭৮-৮১, ফ্যাক্স : ৫৫০১২২০০, ৫৫০১২২১১ ইমেইল : [info@prothomalo.com](mailto:info@prothomalo.com)